

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা

www.cabinet.gov.bd

জেলা প্রশাসক, ফেনী	তারিখ: ৩০.১২.২০২২
ডিউটি এনালিসিস	
অঃ জেঃ প্রঃ (সনিক)	
অঃ জেঃ প্রঃ (সিআই)	
অঃ জেঃ প্রঃ (শিক্ষা ও ত্রাণ):	২৬ অগ্রহায়ণ ১৪২৯
অঃ জেঃ ম্যাজিঃ	১১ ডিসেম্বর ২০২২

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.২০.৩৩০

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে মাঠ প্রশাসনের অংশগ্রহণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.১১৬ তারিখ: ০৮.০৪.২০২১

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি কিংবা ভারুয়াল যে কোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণ সংক্রান্ত পরিপত্রের চিত্রপ্রতিলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি কিংবা ভারুয়াল যে কোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণের ক্ষেত্রে পরিপত্র অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি আওতাধীন দপ্তর/সংস্থাকে অবহিত করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে এক পৃষ্ঠা। (8840/potrojariAttachmentRef/68070/0/28)

১১-১২-২০২২

মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৮৯১৯১

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: gfa_branch@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.২০.৩৩০/১(৭৪)

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) জেলা প্রশাসক (সকল)
- ৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

১১-১২-২০২২

মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া


উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং-০৫.২০.৩০০০.০০৮.১৮.০০১.২০- ৭০২

তারিখ: ২৯/১২/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফেনী
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর, দাগনভূঞা, সোনাগাজী, ছাগলনাইয়া, পরশুরাম, ফুলগাজী, ফেনী
- ৫। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/সিনিয়র সহকারী কমিশনার/রেভিনিউ ডেপুটি কলেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
- ৬। সহকারী কমিশনার (ভূমি), ফেনী সদর, দাগনভূঞা, সোনাগাজী, ছাগলনাইয়া, পরশুরাম, ফুলগাজী, ফেনী
- ৭। সহকারী কমিশনার..... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
- ৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৯। উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসক, ফেনী মহোদয়ের সদয় অবগতির জন্য


প্রশাসনিক কর্মকর্তা
সংস্থাপন শাখা

জেলা প্রশাসক, ফেনী এর পক্ষে
ফোন-০২৩৩৪৪৭৫০২১

ই-মেইল-acest.feni@gmail.com





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd



তারিখ: ২৫ চৈত্র ১৪২৭
০৮ এপ্রিল ২০২১

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.১১৬

পরিপত্র

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অংশগ্রহণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি/ভার্চুয়াল প্ল্যাটফর্মের বিভিন্ন সভা/সেমিনার/কর্মশালা এবং ভিডিও কনফারেন্সে অংশগ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ব্যতিরেকে বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে আমন্ত্রণ জানানো হচ্ছে। অনেক সময় দেখা যাচ্ছে, একাধিক মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা একই দিন/সময়ে অনলাইন প্ল্যাটফর্মে সভা/সেমিনার/কর্মশালা/ ভিডিও কনফারেন্স আহ্বান করে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অংশগ্রহণের জন্য অনুরোধ করছে। এতে একদিকে প্রশাসনিক শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে, অন্যদিকে মাঠ পর্যায়ের প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। অধিকাংশ ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ এসব বিষয়ে অবহিত না থাকায় মাঠ প্রশাসনের সাথে মন্ত্রিপরিষদ বিভাগের যোগাযোগ বা সমন্বয় ব্যাহত হচ্ছে।

০২। উল্লেখ্য, Rules of Business, 1996-এর Schedul-1 (Allocation of Business among the Different Ministries and Divisions) অনুযায়ী বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সাধারণ প্রশাসন এবং আন্তঃমন্ত্রণালয় সমন্বয় মন্ত্রিপরিষদ বিভাগের কার্যপরিধিভুক্ত। এ পরিপ্রেক্ষিতে মাঠ প্রশাসনের কোন কর্মকর্তাকে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত কোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে যোগদানের জন্য আমন্ত্রণ জানানোর ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ বাঞ্ছনীয়। এছাড়া বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক কিংবা উপজেলা নির্বাহী অফিসারগণের সঙ্গে মতবিনিময়ের জন্য কোন সভা আহ্বান করা হলে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে সভার তারিখ নির্ধারণ করা সমীচীন।

০৩। এমতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক আয়োজিত সরাসরি/ভার্চুয়াল যেকোন সভা/সেমিনার/কর্মশালা/ভিডিও কনফারেন্সে বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণের আবশ্যিকতা থাকলে মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৫.০৪.২০২১

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব

ফোন: ৯৫৫১৪২৫

email: gfa_branch@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

..... মন্ত্রণালয়/বিভাগ

অনুলিপি:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। জেলাপ্রশাসক (সকল)।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।